



কৃষিইসমূহ

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারকনং- ১২.২০.০০০০.০২০.৩১.২৩৯.২৩- ১৫২২

তারিখ: ০৬ জুলাই ২০২৫ খ্রি.

মহাপরিচালক

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

সদর দপ্তর, ময়মনসিংহ।

বিষয়ঃ ড. মোঃ শাহজাদ কুলি খান এর উচ্চশিক্ষা (পিএইচডি) গ্রহণের জন্য বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের সাথে সম্পাদিত চুক্তিপত্র ও ছুটি নগদায়ন, গ্র্যাচুইটি, সিপিএফ এর অর্থ প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ড. মোঃ শাহজাদ কুলি খান কাউন্সিলে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য) পদে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে গত ০১ মার্চ ২০২৩ তারিখে যোগদান করেছেন (সংযুক্তি - ১, ২)। বিএআরসি'তে যোগদানের পূর্বে ড. মোঃ শাহজাদ কুলি খান, নার্সডুক্ত প্রতিষ্ঠান হিসেবে বিএফআরআই থেকে বিএআরসি কর্তৃক পরিচালিত NATP-Phase II প্রকল্পের অর্থায়নে উচ্চ শিক্ষা গ্রহণের সুযোগ পান (সংযুক্তি - ৩)।

উল্লেখ্য, বিএআরসি গভর্নিং বডি'র ২য় সভার সিদ্ধান্তের আলোকে গত ১২ আগস্ট ১৯৯৯ খ্রিঃ তারিখে পত্রের মাধ্যমে জানানো হয়, “নার্স এর অন্তর্ভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান হতে যে সব বিজ্ঞানী সরকারী বৃত্তি নিয়ে দেশে ও বিদেশে এমএসসি/পিএইচডি করে থাকেন তারা স্থায়ী ইনস্টিটিউটে কাজ করবেন বলে যে চুক্তি সম্পাদন করে থাকেন তা নার্স অন্তর্ভুক্ত যে কোন প্রতিষ্ঠানে নিয়োগ, লিয়েন বা বদলির ক্ষেত্রে এ চুক্তি হস্তান্তরযোগ্য বলে বিবেচিত হবে। তবে যে প্রতিষ্ঠানে তিনি নিয়োজিত হবেন সে প্রতিষ্ঠান চুক্তির শর্ত বাস্তবায়নের দায়িত্বে থাকবেন (সংযুক্তি - ৪)। এই সিদ্ধান্ত অনুসারে তাঁর উচ্চশিক্ষা (পি.এইচডি) গ্রহণের জন্য বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের সাথে সম্পাদিত চুক্তিপত্র বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-এ হস্তান্তরযোগ্য এবং ড. মোঃ শাহজাদ কুলি খান এর চুক্তির শর্ত বিএআরসি বাস্তবায়ন করবেন। ইতোমধ্যে যে সকল বিজ্ঞানী নার্সডুক্ত প্রতিষ্ঠান থেকে বিএআরসি-তে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেছেন তাদের ক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠান থেকে বিএআরসি গভর্নিং বডি'র ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী নিঃশর্ত অবমুক্তি প্রদান ও আর্থিক চুক্তিপত্র হস্তান্তর করা হয়েছে (সংযুক্তি - ৫, ৬ ও ৭)। বিএআরসি কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৯ এর ৭(৫) ধারায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকৃত কর্মচারীদের পূর্বের কর্মস্থলের পেনশন স্কিম, সিপিএফ, গ্র্যাচুইটি বিএআরসিতে স্থানান্তরের কথা সুস্পষ্ট উল্লেখ রয়েছে (সংযুক্তি - ৮ক-৮গ)। ইতোপূর্বে বিএআরসি'র স্মারক নং- ১২.২০.০০০০.০২০.৩১.২৩৯.২৩.১৫৪০; তারিখঃ ২৫.০৬.২০২৩, স্মারক নং- ১২.২০.০০০০.০২০.৩১.২৩৯.২৩.৫২; তারিখঃ ০৪.০১.২০২৪ এবং স্মারকনং- ১২.২০.০০০০.০২০.৩১.২৩৯.২৩.১১৩০; তারিখঃ ২৯.০৪.২০২৪ এর মাধ্যমে ড. মোঃ শাহজাদ কুলি খান এর উচ্চশিক্ষা (পি.এইচডি) গ্রহণের জন্য ইনস্টিটিউটের সাথে সম্পাদিত চুক্তিপত্র, ছুটিনগদায়ন, গ্র্যাচুইটি ও সিপিএফ এর টাকা বিএআরসি-তে স্থানান্তরের জন্য পত্র প্রেরণ করা হয়েছে (সংযুক্তি - ৯, ১০ ও ১১)।

অতএব, উল্লেখিত বিষয়সমূহ বিবেচনা করে ড. মোঃ শাহজাদ কুলি খান এর পূর্ববর্তী চাকরি গণনার জন্য সংযুক্ত ছক মোতাবেক (সংযুক্তি - ১২) তথ্য প্রদানপূর্বক সংযুক্ত ছকের ৪ নং কলামে উল্লিখিত ছুটি নগদায়ন, গ্র্যাচুইটি, সিপিএফ/জিপিএফ এর টাকা তিনটি ভিন্ন ক্রস চেকে এবং পিএইচডি বৃত্তিধারী হওয়ায় পিএইচডি বৃত্তির চুক্তিপত্র, “নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল” বরাবর প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

ড. নাজমুন নাহার করিম

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান, (ব্লুটিন দায়িত্ব)

ফোন: ০২-৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সদস্য পরিচালক (মৎস্য), বিএআরসি, ঢাকা।

২। পরিচালক (কম্পি: ও জিআইএস), বিএআরসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৩। ড. মোঃ শাহজাদ কুলি খান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য), বিএআরসি, ঢাকা।

৪। অফিস কপি, বিএআরসি, ঢাকা।

ফোন: +৮৮-০২-৪১০২৫২৫২; ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৭

ই-মেইল: ec.barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd